

চলতি বোরো ধানে ব্লাস্ট রোগের সতর্কতা ও প্রয়োজনীয় দমন ব্যবস্থাপনা

চলতি বোরো মৌসুমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, সাগরদী, বরিশালের বিজ্ঞানীগণ বরিশাল বিভাগের বিভিন্ন এলাকায় সরেজমিনে মাঠ পরিদর্শনের মাধ্যমে ধানের পাতা ব্লাস্ট রোগের আক্রমণ দেখতে পেয়েছেন।



পাতা ব্লাস্টের লক্ষণ



পাতা ব্লাস্টে আক্রান্ত গাছ



পাতা ব্লাস্টে আক্রান্ত জমি

বর্তমানে মাঠে ধানের বেশির ভাগ জাত সর্বোচ্চ কৃষিঅবস্থায় এবং কিছুজাত খোর/ফুলআসা অবস্থায় আছে। শীষ বের হওয়ার পর মেঘাচ্ছন্ন আকাশ, বাতাসের সঙ্গে গুড়ি গুড়ি বৃষ্টি, উচ্চ আর্দ্রতা, দিনে গরম ও রাতে ঠান্ডা আবহাওয়া বিরাজ করলে ধানের শীষেও এ রোগের ব্যাপক আক্রমণ দেখা দিতে পারে। তাছাড়া ধানের মাঠ শুকনা থাকলে এ রোগের প্রকোপ বৃদ্ধি পায়।



শীষ / শীষ ব্লাস্টে আক্রান্ত শীষ ও জমির লক্ষণ

ধানের ব্লাস্ট রোগ দমনের জন্য কৃষককে রকেনিউলিখিত ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা যেতে পারে -

- ১) জমিতে ব্লাস্ট রোগ দেখামাত্র পানি ধরে রাখার ব্যবস্থা করা।
- ২) পাতায় ব্লাস্ট রোগ দেখা গেলে ছত্রাকনাশক যেমন - নেটিভো অথবা ট্রাইসাইক্লোজল গ্রুপের যে কোন ছত্রাকনাশক যেমন - ট্রুপার ১০-১৫ দিন ব্যবধানে দুইবার স্প্রে করুন।
- ৩) যে সমস্ত জমির ধান এখনো রোগে আক্রান্ত হয়নি অথচ উক্ত এলাকায় ব্লাস্ট রোগের প্রাদুর্ভাব দেখা গেছে, সেখানে ধানের শীষ বের হওয়ার পর উক্ত ছত্রাকনাশক উল্লেখিত হারে আগাম প্রয়োগ করা।

১৮ মার্চ ২০১৫ ইং

(ড. মো: আলমগীর হোসেন)

সিএসও এবং প্রধান

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, সাগরদী, বরিশাল।